যুগান্তর

তারিখ 22 SEP 2016
পৃষ্ঠা ২৫ কলাম ৫

# আমতলীতে বই বিক্রির সময় ধরা পড়লেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক

আমতলী প্রতিনিধি

বুধবার সকালে বরগুনার আমতলী উপজেলার ৫৩নং ছোট নাচনাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শামসুর নাহার লিমা বই বিক্রির সময় সহকারী শিক্ষকের হাতে ধরা পড়েছেন। এ বই আমতলী শিক্ষা অফিস জব্দ করেছে। জানা গেছে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে ছাত্র-ছাত্রীদের মধ্যে জানুয়ারি মাসে বই বিতরণের জন্য সরবরাহ করা হয়। ওই বিদ্যালয়ের গুদামে সংরক্ষিত বই থেকে বুধবার সকালে বিভিন্ন শ্রেণীর ২৬ কেজি বিক্রি করে বস্তাভর্তি করে একটি ভ্যান গাড়িতে তুলছিল। এ সময় বিদ্যালয়ের তিন শিক্ষক মনিরা আক্তার, সনিয়া আক্তার ও তানজিলা আক্তার এতে বাধা দেয়। অবস্থা বেগতিক দেখে ভ্যান চালক গাড়ি ফেলে পালিয়ে যায়। এ ঘটনা তাৎক্ষণিক শিক্ষকরা উপজেলা শিক্ষা অফিসার মো. জাহিদুল ইসলামকে জানান। পরে সহকারী শিক্ষা অফিসার ফাতেমা বেগমকে ঘটনাস্থল পরিদর্শন করে বস্তাভর্তি বই জব্দ করেছে। অভিযুক্ত প্রধান শিক্ষক শামসুর নাহার লিমা জানান, আমি কোনো বই বিক্রি করিনি। এটা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র।